তারিখ 17 NOV 2016
পৃষ্ঠা ২০ কলাম ২

দৈনিক
ইত্তেফাক

# চট্টগ্রামে এসএসসির ফরম পূরণে গলাকাটা বাণিজ্য!

■ আজহার মাহমুদ, চট্টগ্রাম অফিস

চট্টগ্রামে এসএসসি পরীক্ষার ফরম পূরণে গলাকাটা বাণিজ্যের অভিযোগ পাওয়া গেছে। মন্ত্রণালয় ও বোর্ডের নির্দেশনার তোয়াক্কা না করে নানা খাত দেখিয়ে এক একজন শিক্ষার্থীর কাছ থেকে দুই থেকে সর্বোচ্চ ১১ হাজার টাকা পর্যন্ত আদায় করা হচ্ছে। যা কোনো কোনো ক্ষেত্রে বোর্ড নির্ধারিত ফি'র দুই থেকে পাঁচগুণ পর্যন্ত বেশি। এ ব্যাপারে চট্টগ্রাম শিক্ষাবোর্ড নিষ্ক্রিয় ভূমিকায়

**মানবিক ও ব্যবসায় শিক্ষায় নিয়মিত ফি ১ হাজার ৬৯৫ ও বিজ্ঞানে ১ হাজার ৭৮৫ টাকা, স্কুলভেদে নেওয়া হচ্ছে ২ হাজার থেকে ১১ হাজার টাকা পর্যন্ত**

রয়েছে বলে অভিযোগ উঠেছে। তবে বাড়তি ফি আদায় করলে কঠোর ব্যবস্থা নেয়ার হুঁশিয়ারি দিয়েছেন জেলা প্রশাসক। এদিকে মঙ্গলবার রাতে গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে বাড়তি ফি আদায়ের ব্যাপারে মাধ্যমিক বিদ্যালয়গুলোকে সতর্ক করেছে শিক্ষা মন্ত্রণালয়।

বন্দর নগরীর স্কুলগুলোতে গতবছরও একই কায়দায় তিন-চারগুণ পর্যন্ত বাড়তি ফি আদায় করা হয়েছিল। সে সময় চট্টগ্রাম মহানগর ছাত্রলীগের আন্দোলনের প্রেক্ষিতে অনেক বিদ্যালয় বাড়তি ফি ফেরত দিতে বাধ্য হয়েছিল। এবারও বাড়তি ফি আদায়ের অভিযোগ পেয়ে গত কয়েকদিন ধরে নানা আঙ্গিকে প্রতিবাদ করছে ছাত্রলীগ। সর্বশেষ গত সোমবার চট্টগ্রাম জেলা প্রশাসককে বাড়তি ফি আদায়কারী প্রতিষ্ঠানগুলোর তালিকাসহ লিখিত অভিযোগ দেন সংগঠনটির সাধারণ সম্পাদক নূরুল আজিম রনি।

এ ব্যাপারে জানতে চাইলে চট্টগ্রাম জেলা প্রশাসক মো. সামশুল আরেফিন গত মঙ্গলবার রাতে ইত্তেফাককে বলেন, 'অভিযোগ ওঠার পর প্রধান শিক্ষকদের সাথে কথা বলেছি। বোর্ড নির্ধারিত ফি'র চেয়ে এক পয়সাও যাতে বাড়তি ফি না নেওয়া হয় সে ব্যাপারে কঠোর নির্দেশনা দেওয়া হয়েছে। এরপরও কেউ যদি বাড়তি ফি আদায় করে তাহলে তা ফেরত দিতে বলা হবে। আর ফেরত না দিলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।'

চট্টগ্রাম নগর ছাত্রলীগের সাধারণ সম্পাদক নূরুল আজিম রনি ইত্তেফাককে বলেন, 'গতবছর স্কুলগুলো গলাকাটা ফি নেওয়ায় ছাত্রলীগ আন্দোলনে নামে। পরে তৎকালীন জেলা প্রশাসক কঠোর পদক্ষেপ নেন। যার ফলে ২৭ হাজারের বেশি শিক্ষার্থীর কাছ থেকে নেয়া অতিরিক্ত অর্থ ফেরত দেয়া হয়। এবারো অভিভাবকদের জিম্মি করে বাধ্যতামূলক কোচিং, উন্নয়ন ফি, অতিরিক্ত বেতন ও মডেল টেস্টের নামে তিন চারগুণ বেশি ফি আদায় করা হচ্ছে।'

শিক্ষাবোর্ডের একটি সূত্র জানিয়েছে, এবার এসএসসি পরীক্ষায় মানবিক ও ব্যবসায় শিক্ষায় কেন্দ্র ফি সহ নিয়মিত ফি ১ হাজার ৬৯৫ ও অনিয়মিত ফি ১ হাজার ৭৯৫ টাকা। বিজ্ঞানে নিয়মিত কেন্দ্র ফি সহ ১ হাজার ৭৮৫ টাকা, অনিয়মিত ১ হাজার ৮৮৫ টাকা।

অথচ ছাত্রলীগের দেওয়া অভিযোগে দেখা গেছে, নগরীর খান সাহেব আব্দুল হাকিম উচ্চ বিদ্যালয়ে ৪ হাজার ৫০০, সেন্ট স্কলাস্টিকায় ৮ হাজার, হলি চাইল্ডে ৬ হাজার, জামান আনোয়ারে ৬ হাজার, বি.এন স্কুলে ১১ হাজার ১৬৫, খান সাহেব উচ্চ পৃষ্ঠা ২ কলাম ৪

## চট্টগ্রামে এসএসসির

২০ পৃষ্ঠার পর

বিদ্যালয়ে ৭ হাজার, সানোয়ারা বয়েজ স্কুলে ৬ হাজার ৫শ', সাউথ পয়েন্ট স্কুলে ৫ হাজার, নর্দান স্কুল এন্ড কলেজে ৮ হাজার ৭শ', কাট্টলী নূরুল হক উচ্চ বিদ্যালয় ৬ হাজার, সারাদিনের স্কুলে ৪ হাজার ৫শ', ইডেন রেসিডেন্সিয়ালে ৪ হাজার ৮শ' টাকা, বাকলিয়া উচ্চ বিদ্যালয়ে ৩ হাজার ৫০০, সিটি পাইলট স্কুলে ৫ হাজার, মিউনিসিপ্যালে ৩ হাজার ৪শ', মোহাম্মদ নগর উচ্চ বিদ্যালয়ে ৪ হাজার ৫শ' টাকা, মোস্তফা হাকিম উচ্চ বিদ্যালয়ে ৪ হাজার ৮শ' টাকা করে ফরম পূরণ বাবদ আদায় করা হচ্ছে। এছাড়া ইস্পাহানি স্কুল মোহরায় ২ হাজার ৩শ', চসিক কৃষ্ণকুমারী বালিকা বিদ্যালয়ে ২ হাজার, কাপাসগোলা উচ্চ বিদ্যালয়ে ২ হাজার টাকা করে আদায় করা হচ্ছে।